

দেশের সব ইংলিশ মিডিয়াম স্কুল ছুটি ঘোষণা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৩:৩৪, ৮ মার্চ ২০২৬



পবিত্র মাহে রমজান ও ঈদুল ফিতরকে সামনে রেখে দেশের সব ইংলিশ মিডিয়াম স্কুল আগামীকাল সোমবার (৯ মার্চ) থেকে ছুটি ঘোষণা করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-১ শাখার সিনিয়র সহকারী সচিব শিরীন আক্তারের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, রমজানে ঢাকাসহ দেশের বড় শহরে জনজট কমানো এবং বর্তমান পরিস্থিতি বিবেচনায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর প্রতিনিধিদের সঙ্গে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, যে সরকার ঘোষিত ঈদের ছুটিকাল পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে।

একই সঙ্গে মন্ত্রণালয় নির্দেশ দিয়েছে, ছুটির সময়ও নির্ধারিত পরীক্ষাগুলো পূর্বঘোষিত শিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে। পাশাপাশি বাংলা ও ইংলিশ মিডিয়ামসহ সব ধরনের কোচিং সেন্টারের কার্যক্রমও বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।